দেশের ইতিহাসে আজ সবচেয়ে কলঙ্কজনক দিন: ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমাদের খুব দুঃখ হয়, লজ্জা হয়, যখন দেখি, এই সমাবেশে আসতে আমাদের নেতাকর্মীদের বাধা দেওয়া হয়। আজ বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনক একটি দিন। ২০১৮ সালের এই দিনে একদলীয় শাসন প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে ভোট চুরি করে ক্ষমতা পাকাপোক্ত করেছে আওয়ামী লীগ। আজ সেই কলঙ্কময় দিন। যেদিন এদেশে জনগণের ভোটাধিকার হত্যা করা হয়েছে।

বুধবার (৩০ ডিসেম্বর) দুপুর ১২টায় রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে গণতন্ত্র হত্যা দিবস উপলক্ষে আয়োজিত বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন তিনি।

বিএনপি মহাসচিব বলেন, এই গণতান্ত্রিক সংগ্রাম শুধু বিএনপির একার নয়, সব দল মতের সংগ্রাম। সবাইকে ঐক্যবদ্ধ হয়ে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করতে হবে। নতুন বছরে ঐক্যবদ্ধ হয়ে জনগণের সরকার প্রতিষ্ঠায় শপথ নিতে হবে।

বিএনপির যুগ্ম মহাসচিব হাবিবুন্নবী খান সোহেল বলেন, আজ থেকে ২ বছর আগে রাতে এদেশে ভোট হয়নি। রাতে ভোট ডাকাতি করা হয়েছে। মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া হয়েছে। আজ আওয়ামী লীগ গণতন্ত্রের বিজয় দিবস পালন করছে। আমরা জানি না, করোনার ভ্যাকসিন কারা পাবে, ভ্যাকসিন দেবে নাকি পানি শরীরে পুশ করবে। করোনা ভ্যাকসিন নিয়ে যদি কোনো দুর্নীতি করা হয়, তাহলে সারা বাংলাদেশে আগুন জ্বলবে। সমাবেশে বিএনপির কেন্দ্রীয় ও ঢাকা মহানগরের নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

হংকংয়ের ১০ কর্মীর কারাদণ্ড দিয়েছে চীন

সমুদ্র থেকে গ্রেফতার হংকংয়ের ১০ কর্মীকে ৭ মাস থেকে তিন বছর পর্যন্ত বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছে চীন। আজ বুধবার দুপুরে বিবিসি অনলাইন এ খবর প্রকাশ করেছে।

গত আগস্টে হংকং থেকে তাইওয়ান নৌকাযোগে পালিয়ে যাওয়ার সময় ১২ অধিকার কর্মীকে গ্রেফতার করা হয়। এর মধ্যে এক জনকে তিন বছর, অপর একজনকে দুই বছর কারাদণ্ড দেওয়া হয়েছে। আটজনকে আট মাস কারাদণ্ড দেওয়া হয়েছে। ১৭ ও ১৮ বছর বয়সী ২ জনকে হংকংয়ের পুলিশের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে।

গত জুনে বেইজিংয়ে কঠোর নিরাপত্তা আইন পাশ করা হয়। এজন্য হংকংয়ের ওই অধিকার কর্মীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন বলে জানা গেছে।

শক্তিশালী হলো অস্ট্রেলিয়া

ভারত সিরিজে সমতা ফেরানোর পরেই শক্তি বাড়াল অস্ট্রেলিয়া। বাকি দুই টেস্টের জন্য দলে ঢুকলেন ডেভিড ওয়ার্নার এবং উইল পুকোভস্কি। দলে রাখা হয়েছে শন অ্যাবটকেও। ছেড়ে দেওয়া হয়েছে জো বার্নসকে।

প্রথম টেস্টে খেলা কার্যত নিশ্চিত ছিল পুকোভস্কির। কিন্তু প্রথম অনুশীলন ম্যাচেই চোট পান তিনি। জীবনে নবম কনকাশন চোট তাঁকে প্রথম দুই টেস্ট থেকে ছিটকে দেয়। সব ঠিকঠাক থাকলে অবশেষে সিডনিতে জীবনের প্রথম টেস্ট খেলবেন পুকোভস্কি।

অস্ট্রেলিয়া দল:
টিম পেইন (অধিনায়ক), ডেভিড ওয়ার্নার, শন অ্যাবট, প্যাট কামিন্স, ক্যামেরন গ্রিন, জোশ হেজেলউড, ট্রাভিস হেড, মোজেস হেনরিকেস, মার্নাস লাবুশানে, নেথান লায়ন, মাইকেল নেসের, জেমস প্যাটিনসন, উইল পুকোভস্কি, স্টিভ স্মিথ, মিচেল স্টার্ক, মিচেল সোয়েপসন এবং

দামুড়হুদায় খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে দামুড়হুদায় কোভিড - ১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে, গতকাল বেলা ১২ টার দিকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার- ২০২০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। সেমিনারে কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে খাদ্যের ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে ভিডিও ফুটেজ এর মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, রান্না, বিক্রয়, রপ্তানী, ভোক্তা অধিকার আইন ইত্যাদি বিষয়ে ডিসপ্লে প্রদর্শন করা হয়।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, সমাজসেবা অফিসার সানোয়ার হোসেন, প্রাণী সম্পদ অফিসার ডাঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা জামান মোহাম্মদ শুভ, সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক অনুষ্ঠিত সেমিনারটির উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা জেলা খাদ্য নিরাপদ কর্তৃপক্ষের অফিসার।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালিয়ে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। জানা যায়, গতকাল মঙ্গলবার বিকাল ৫টার দিকে চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

আদালত সূত্রে জানা যায়, দামুড়হুদার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুরাইয়া মমতাজ।

এসময় মুদি দোকানের ট্রেড লাইসেন্স না থাকার অপরাধে রফিকুল ইসলাম নামে এক মুদি ব্যবসায়ী কে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬সালের ৩এর ৬ধারা মোতাবেক ৫’শ টাকা ও একই মোড়ের ৫টি ওষধের ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখা ও ফার্মাসিস্ট সনদ না থাকার অপরাধে ঔষধ আইন ১৯৪০সালের ১৮/২৭ধারা মোতাবেক ১হাজার টাকা করে মোট ৫হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের পেসকার জহির উদ্দিন মোহাম্মদ বাবার ও দামুড়হুদা মডেল থানার এসআই কেষ তৌহিদুর রহমান তৌহিদসহ পুলিশ সদস্য বৃন্দ।

কোটচাঁদপুরে মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ সঞ্জিত (২৩) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে পৌর শহরের সলেমানপুর পাল পাড়া

এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী যুবক ওই এলাকার বলয় বিশ্বাসের ছেলে।

কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ আক্তারুজ্জামান লিটন জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল মঙ্গলবার দুপুরে পৌর ফাঁড়ীর এস.আই আব্দুস সাত্তার ও এ.এস.আই ইমরুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে পৌর শহরের সলেমানপুর পাল পাড়া এলাকায় অভিযান চালিয়ে ওই যুবককে আটক করা হয়।

এসময় তার সঙ্গে থাকা একটি প্লাস্টিকের ব্যাগে তল্লাশি করে ২৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, আটক মাদক কারবারি যুবকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে টেকসই তুলা উন্নয়ন প্রকল্পে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীতে টেকস্ই তুলা উন্নয়ন প্রকল্পের (পিএসসিপি) আওতায় কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছ্।◌ে গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার সময় উপজেলার কসবা ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। টিএম্এসএস আইসিটি ডোমেইন এর বাস্তবায়ন, প্রাইমার্ক সাসটেইনেবল প্রজেক্ট এর অর্থায়নে এবং তুলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতায় মাঠ দিবসের আয়োজন করা হয়।

কৃষক মাঠ দিবস অনুষ্ঠানে টিএমএসএস’র চুয়াডাঙ্গার প্রজেক্ট কো- অর্ডিনেটর সোহাগ মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ কে.এম শাহাবউদ্দীন আহমেদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভেড়ামারা জোনের কটন ইউনিট অফিসার জাহিদ হোসেন জাহিদ, ধানখোলা কটন ইউনিট অফিসার

এরশাদুল হক, জিনার এসোসিয়েশনের সভাপতি গোলাম সাবের লাল মিয়া ও সদস্য রবিউল ইসলাম, ভাটপাড়া মাধ্যমিক বিদ্য্যলয়ের পরিচালনা পরিষদের সভাপতি আলী আজগর, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাসানুজ্জামান প্রমুখ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অর্থকরী ফসল হিসেবে তুলা চাষে চাষীদের উদ্বুদ্ধ করতে হবে। কৃষি বিভাগ সব সময় পরামর্শ দিতে আপনাদের পাশে থাকবে।

অনুষ্ঠানে ফিল্ড এক্সিকিউটিভ মঈনুল ইসলাম কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে তুলা চাষীদের মধ্যে বক্তব্য রাখেন, মহিষাখোলা গ্রামের মিনারুল ইসলাম, কসবা গ্রামের স্বপন আলী প্রমুখ।
অনুষ্ঠানে ২২০ জন তুলা চাষী অংশগ্রহণ করে। অনুষ্ঠানের শুরুতেই তুলা চাষীদের মাঝে একটি করে টিশার্ট প্রদান করা হয়।

কুতুবপুর ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য পদপ্রার্থী আরিফ এর শোভাযাত্রা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য পদপ্রার্থী আরিফুর রহমান এর নির্বাচনী শোভাযাত্রা বের করা হয়।

গতকাল মঙ্গলবার বিকালে সাবেক মেম্বর আব্দুল আওয়াল এর নেতৃত্বে এ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি কুতুবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে বের হয়ে ৪ নং ওয়ার্ড প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা করা হয়। সভায় বক্তব্য দেন, মেম্বর পদপ্রার্থী আরিফুর রহমান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন মজনু, ইদ্রিস আলী, তাঁতী লীগের ওয়ার্ড সভাপতি আজিল হোসেন, আইপিএম ক্লাবের সভাপতি

জুয়েল রানা।

এসময় উপস্থিত ছিলেন, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা হামিদুল ইসলাম, তৌহিদুল ইসলাম, শাহানুল ইসলাম, আক্কাস আলী, ওহাব, তপন, জামাল এবং মোঃ ফয়সাল হোসেনসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

মেহেরপুরে বিএডিসি বঙ্গবন্ধু পরিষদের মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

“জাতির পিতার সম্মান, রাখবো মোরা অম্লান”- এই স্লোগানকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাস্কর্য ভাঙচুর ও অবমূল্যায়নের প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র মেহেরপুর জেলায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

বিএডিসি বঙ্গবন্ধু পরিষদ এর আয়োজনে গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টার সময় মেহেরপুর সদর উপজেলার বারাদি বাজারে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে বিএডিসি’র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। মেহেরপুর জেলা বিএডিসির যুগ্ম-পরিচালক (পাটবীজ) এস এম রেজাউল হুদার সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন, শেখ শহিদুল্লাহ যুগ্মপরিচালক (পাটবীজ) যশোর পশ্চিম অঞ্চলের উপ-পরিচালক (বীপ্র) মেহেরপুর জেলা বিএডিসির উপ-পরিচালক (খামার) উপ-পরিচালক (বীজ) মোঃ হাফিজুল ইসলাম,

এ কে এম মিনহাজুল চৌধুরী, উপ-পরিচালক (আলু বীজ) উপ-পরিচালক (কঃগ্রোঃ) এনামুল হক, উপ-পরিচালক (সবজি বীজ) মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র সহকারী পরিচালক (ডাল ও তৈল বীজ কঃগ্রোঃ) নাহিদ ইসলাম, কামরুল হাসান, সহকারী পরিচালক বিএম মাহমুদ হাসান, উপ-পরিচালক (খামার) ডিএম হুমায়ুন কবির, উপ-পরিচালক (পাটবীজ) আলাউদ্দিন শেখ, মাহাতাব উদ্দিন,মানিক, আক্কাস, হেলাল, হালিম, রাজ্জাক প্রমুখ।

মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু এদেশের লাল সবুজের পতাকা ও মানচিত্রের শ্রষ্টা। তার নেতৃত্বে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে। বঙ্গবন্ধুর ভাস্কর্য অবমাননা করা মানে বাংলাদেশের মানচিত্রকে অস্বীকার করা এবং দেশের উপর আঘাত করা।

৭১ সালেও এদেশে স্বাধীনতা বিরোধী ও কুচক্রীমহল ছিল, এখনও আছে। বিজয়ের মাসে এদের চিহ্নিত করতে হবে এদের থেকে সতর্ক থাকতে হবে। বঙ্গবন্ধুর ভাস্কর্য অবমাননার তীব্র প্রতিবাদ এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান বিএডিসি’র সকল কর্মকর্তা ও কর্মচারী।

হরিণাকুণ্ডুতে তৃতীয় শ্রেণীর কর্মচারী পরিষদের স্মারকলিপি প্রদান

পাঁচ দফা বাস্তবায়নের দাবিতে অবস্থান কর্মসূচি ও স্মারক লিপি প্রদান করেছেন ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণির কর্মচারী পরিষদ।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট এ স্মারক লিপি প্রদান করেন।

স্মারক লিপি প্রদান ও অবস্থান কর্মসূচীতে কর্মচারী পরিষদের সভাপতি শহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক নায়েব আলীসহ পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

স্মারক লিপিতে তৃতীয় শ্রেণির কর্মচারীদের ন্যূনতম বেতনগ্রেড ১১তম প্রদান, শিক্ষার্থী সংখ্যার অনুপাতে তৃতীয় শ্রেণির কর্মচারীর সংখ্যা বৃদ্ধি, পদের নাম পরিবর্তন করে প্রশাসনিক কর্মকর্তা বা অফিস সুপার ও শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে উচ্চতর পদে